মেহেরপুর পৌরসভার টিএলসিসি কমিটির আলোচনা সভা অনুষ্ঠিত

মেহেরপুর পৌরসভার টিএলসিসি কমিটির আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার দুপুর দেরটার দিকে এ সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় পৌর মেয়র মাহফুজুর রহমান রিটনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল।

অনান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা পরিষদের সাবেক প্রশাসক অ্যাডভোকেট মিয়াজান আলী, কাউন্সিলর আল মামুন, সচিব তৌফিকুর রহমান, যুব লীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান প্রমুখ।

মেহেরপুর পল্লী বিদ্যুত সমিতির কার্যালয়ে মুজিব কর্ণারের উদ্বোধন

মুজিব বর্ষ উপলক্ষ্যে তরুণ প্রজন্মের কাছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেশ প্রেমের নানা বিষয় তুলে ধরে মেহেরপুরে পল্লী বিদ্যুত সমিতির প্রধান কার্যালয়ে মুজিব কর্ণারের উদ্বোধন করা হয়েছে। শনিবার দুপুরে পল্লী বিদ্যুত সমিতি প্রাঙ্গণে মুজিব কর্ণারের উদ্বোধন করেন আর ইবির পরিচালক প্রশাসন মোঃ মুকুল হোসেন। মেহেরপুর পল্লী বিদ্যুত সমিতির জেনারেল ম্যানেজার নুর মোহাম্মদের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন,

মেহেরপুর পল্লী বিদ্যুত সমিতি বোর্ডের সভাপতি জিনারুল বিশ^◌াস, সচিব তুষার আহম্মেদ ও এজিএস প্রশাসন সৈয়দ আমানুর রহমানসহ মেহেরপুর-চুয়াডাঙ্গার বিভিন্ন পরিচালক ও কর্মকর্তা-কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন। মুজিব বর্ষ উপলক্ষ্যে পল্লী বিদ্যুত সমিতির

কার্যালয়ে সেবা গ্রহীতাদের প্রবেশ পথে বঙ্গ বন্ধু কর্ণার দেখতে পায় এ জন্য কার্যালয়ের মূল ফটকের পাশের একটি হল ঘরে বঙ্গ বন্ধু কর্ণারের মাধ্যমে মুক্তিযুদ্ধ

ও বঙ্গবন্ধুর স্মৃতি বিজড়িত বিভিন্ন চিত্র স্থাপন করা হয়। বছর জুড়ে সাধারণ মানুষের জন্য এ মুজিব কর্ণার খোলা থাকবে। কর্ণারে স্থান পেয়েছে বঙ্গ বন্ধুর জীবনী নিয়ে লেখা প্রায় দুই শতাধিক বিভিন্ন বই ও দুই শতাধিক বিভিন্ন অনুষ্ঠানের ছবি ।

থানায় জিডি করলেন সাংবাদিক পোলেন

ভবিষ্যৎ নিরাপত্তার আশংকায় বাংলাদেশ প্রতিদিন’র মেহেরপুর জেলা প্রতিনিধি ও মেহেরপুর প্রতিদিন’র সাবেক সম্পাদক মাহাবুবুল হক পোলেন থানায় জিডি করেছেন।

আজ শনিবার দুপুরে তিনি নিজে মেহেরপুর সদর থানায় হাজির হয়ে তিনি এ ডায়েরী করেন (যার নং ৫৭৮, তারিখ: ১৪/০৩/২০২০, থানা; মেহেরপুর সদর)।

প্রসঙ্গত, শুক্রবার রাতে সন্ত্রাসীরা সাংবাদিক মাহবুবুল হক পোলেনর বাড়িতে হামলা চালায়। হামলাকারী মুখে মুখোশ পড়ে লোহার রড নিয়ে পোলেনের বাড়ির গেট ভাঙার চেষ্টা করে।

মেহেরপুরে সাংবাদিক পোলেনের

বাড়িতে দূর্বৃত্তের হামলা

বাংলাদেশ প্রতিদিন’র মেহেরপুর প্রতিনিধি ও মেহেরপুর প্রতিদিন’র সাবেক সম্পাদক মাহবুবুল হক পোলেনের বাড়িতে হামলা চালিয়েছে মুখোশধারী দূর্বৃত্তরা।

গতকাল শুক্রবার রাত সোয়া ১০টার দিকে শহরের কাসারী পাড়ার নিজ বাসভবনের গেটে এ হামলা চালায়।

এলাকাবাসী জানায়, ঘটনার সময় মুখোশধারী তিনজন দূর্বৃত্ত লোহার রড দিয়ে সাংবাদিক পোলেনর বাড়ির গেটে এলোপাতাড়ি হামলা চালায়। এলাকাবাসী চিৎকার শুরু করলে তারা পালিয়ে যায়। হামলার সময় সাংবাদিক পোলেন বাড়িতে ছিলেন না। পরে মেহেরপুর সদর থানার একটি টিম ঘটনাস্থল পরিদর্শন করেন।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান জানান, খবর পেয়ে পুলিশ পাঠানো হয়েছিল। তারা আলামত সংগ্রহ করেছে। হামলাকারীদের সনাক্তের চেষ্টা চলছে। তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুরে লাটাহাম্বারের ধাক্কায় গৃহবধূর মৃত্যু

মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল নামক স্থানে গরুবোঝাই লাটা হাম্বারের (অবৈধ্য ইঞ্জিন চালিত) ধাক্কায় মুক্তি খাতুন নামের এক মহিলার মর্মান্তিক মৃত্যু হয়েছে। শুক্রবার সন্ধ্যার দিকে এ ঘটনা ঘটে।

নিহত মুক্তি খাতুন মেহেরপুর সদর উপজেলার দরবেশপুর গ্রামের ফারুক হোসেনের স্ত্রী।

জানা গেছে মুক্তি খাতুন সহ তার কয়েকজন সঙ্গী নিয়ে চাঁদবিলে রাস্তার পাশে দাঁড়িয়ে ছিল এ সময় মেহেরপুর থেকে গরু বোঝাই একটি লাটা হাম্বার রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা মুক্তি খাতুনকে ধাক্কা

দিলে তিনি মাটিতে লুটিয়ে পড়েন এবং ঘটনাস্থলেই তিনি মৃত্যুবরণ করেন।

খবর পেয়ে মেহেরপুর সদর থানার পুলিশ ও ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে পৌছে লাশ উদ্ধার করে মেহেরপুর হাসপাতালে নিয়ে আসে। স্থানীয় ও পুলিশের সহযোগিতায় লাটা হাম্বার ও চালককে আটক করা হয়।

মেহেরপুরে বিয়ের দাবিতে ১ সন্তানের জননীর অবস্থান

মেহেরপুর সদর উপজেলার আমদহ গ্রামে প্রেমিক সবুজের বাড়িতে বিয়ে দাবি নিয়ে অবস্থান করছে ১ সন্তানের জননী।

শুক্রবার সন্ধার দিকে সন্তান সাথে নিয়ে হাজির হন প্রেমিকা।

স্থানীয় সুত্রে জানা যায়, আমদহ গ্রামের আইনুল হোসেনের ছেলে মোঃ সবুজ হোসেনের সাথে মোবাইল ফোনের মাধ্যমে পরিচয় হয় ঐ নারীর।

পরে তাদের মধ্যে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। দেড় বছরের প্রেমের সম্পর্ককে বিয়ের রুপ দিতে ছুটে আসে প্রেমিকা। এ ঘটনায় এলাকায় ব্যাপক মুখরোচক গল্পে পরিনত হয়ে।

তবে ঐ নারীর দাবি পূর্বের বৈবাহিক সম্পর্ক ছিন্ন করে স্ব- ইচ্ছায় সবুজের সাথে ঘর বাঁধার সপ্নে তার বাড়িতে এসেছে। ঐ নারীর দেড় বছরের একটি পুত্র সন্তান আছে।

এই প্রতিবেদন লেখা প্রর্যন্ত মেয়ে প্রেমিকের বাড়িতে অবস্থান করছিল।

মেপ্র/আরপি

আব্দুল মান্নান মাস্টার এর স্ত্রীর ইন্তেকাল

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক মরহুম আব্দুল মান্নান মাস্টার এর স্ত্রী এবং যাদুখালী স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মুস্তাফিজুর রহমান টিপু ও মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রেজানুর রহমান নান্নুর মাতা রোকেয়া খাতুন (৭২)আজ সকাল সাড়ে ছয়টার সময় ঢাকাতে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেছেন।

ইন্না নিল্লা……

মরহুমার দাফন কাজ রাত আটটার পর তাদের গ্রামের বাড়ি গোপালপুরে অনুষ্ঠিত হবে বলে জানা গেছে।

নিরাপত্তা চেয়ে জিডি করলেন সাংস্কৃতিক কর্মী নিশান সাবের

সম্মিলিত সাংস্কৃতিক জোট মেহেরপুর জেলা শাখার সদস্য সচিব ও অরণি থিয়েটার মেহেরপুরের সভাপতি রাজনৈতিক ব্যক্তিত্ব নিশান সাবের ব্যক্তিগত নিরাপত্তা চেয়ে মেহেরপুর সদর থানায় সাধারণ ডায়েরী (যার নং-৫০২, তারিখ: ১২-০৩-২০২০, সদর থানা) করেছেন।
তিনি আজ বৃহস্পতিবার দুপুরে সশরীরে মেহেরপুর সদর থানায় হাজির হয়ে এই সাধারণ ডায়েরী করেন।
নিশান সাবের জিডিতে উল্লেখ করেন, তিনি মেহেরপুর সদর থানার ২ নং ওয়ার্ডের একজন স্থায়ী বাসিন্দা এবং বহু বছর ধরে বিভিন্ন সামাজিক কর্মকান্ডে জড়িত রয়েছেন। গতকাল বুধবার রাত পৌনে ১১ টার দিকে অপিরিচিত ফোন নম্বর থেকে ফোন দিয়ে আমাকে অকথ্য ভাষায় গালিগালাজ করে এবংমেরে ফেলার হুমকি দেয়। ৩ মিনিটের কথাপোকথনে সর্বদাই তাকে গালিগালাজ করা হয়। এরপর থেকেই তিনি শংকিত ও আতংকিত হয়ে পড়েন নিশান সাবের।
সাংস্কৃতিক বৃক্তিত্ব নিশান সাবের বলেন, নিজের নিরাপত্তা

নিশ্চিতকরণ ও মারাত্নক ক্ষতিগ্রস্তের হাত থেকে রক্ষা পেতেই তার এই সাধারণ ডায়েরী ।

৪র্থ বারের মত ম্যানেজিং কমিটির সভাপতি হলেন জিনারুল

একটানা ৪র্থ বার হাটবোয়ালিয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচিত হলেন জিনারুল ইসলাম বিশ্বাস। ইতোপূর্বে প্রত্যক্ষ নির্বাচনে বিজয়ী সদস্যদের কণ্ঠ ভোটের মাধ্যমে জিনারুল ইসলাম বিশ্বাস ৪র্থ বারের মত সভাপতি নির্বাচিত হলেন।

জানা গেছে, গতকাল আলমডাঙ্গার হাটবোয়ালিয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে পুনরায় একটানা চতুর্থবারের মত কোন প্রতিদ্বন্দি না থাকায় জিনারুল ইসলাম বিশ্বাসকে কন্ঠ ভোটে সভাপতি নির্বাচিত করা হয়।
নবনির্বাচিত সদস্য মো: মজনু হোসেন টাইগার, নজরুল ইসলাম নজু, আশরাফুল ইসলাম, তাজেম আলী, খাদিজা খাতুন এ কন্ঠ ভোট প্রদান করেন। গত ৮মার্চ প্রত্যক্ষ নির্বাচনে নব নির্বাচিত এ ৫ সদস্য তাদের প্রতিদ্বন্দ্বী প্যানেল যত ভোট পেয়েছে তার দ্বিগুনেরবেশি ভোট পেয়েছেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের সদস্য ভাংবাড়ীয়া ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আসাবুল হক ঠান্ডু, হাটবোয়ালিয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইয়াকুব আলি মাস্টার, মুক্তিযোদ্ধা খোসদেল আলম, আব্দুল মালেক, সোয়েব উদ্দীন, ইউনিয়ন আওয়ামী লীগের সেক্রেটারি সাজিবর রহমান, নান্নু বিশ্বাস, মামুন রেজা, আজাদ আলী, বিশ্বাস, সাহিবুল ইসলাম মেম্বার, নতুন কুঁড়ি আইডিয়াল স্কুলের পরিচালক মহাবুল ইসলাম, আসমান হাকিম, আব্দুর রাজ্জাক, আমিরুল মেম্বার, সাবেক সভাপতি আব্দুর রউফ শিলু, শুকুর মন্ডল, মিজানুর রহমান মিন্টু, লালু, সানোয়ার, বল্টু ও আক্তারসহ স্কুলের সকল শিক্ষক ও শিক্ষার্থী।

দুপুরে মধ্যাহ্নভোজের আয়োজন করা হয়। গত ৮ মার্চ সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত একটানা ভোট গ্রহণ করা হয়। ভোট ভোট সংখ্যা ৪’শ ৯১, পোল হয়েছে ৪৮৭ ভোট। সাধারণ অভিভাবক সদস্য পদে ২৪৫ ভোট একটানা ৪র্থ বার হাটবোয়ালিয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচিত হলেন জিনারুল ইসলাম বিশ্বাসপেয়ে ১ম হয়েছেন নজরুল ইসলাম, ২২৯ ভোট পেয়ে ২য় হয়েছেন মজনু হোসেন, ২২২ ভোট পেয়ে ৩য় হয়েছেন আশরাফুল ইসলাম ও একই সংখ্যক ভোট পেয়ে ৪র্থ হয়েছেন তাজেম আলী।

এছাড়া ২২৫ ভোট পেয়ে সংরক্ষিত মহিলা সদস্য নির্বাচিত হয়েছেন খাদিজা খাতুন। বিজয়ী ৫ জনই ঠান্ডু-জিনারুল প্যানেল থেকে নির্বাচন করে বিজয়ী হয়েছেন।

কাউসার আহমেদ বাবলু চেয়ারম্যান প্যানেল থেকে সাধারণ অভিভাবক পদে প্রতিদ্বন্দ্বিতা করে জিয়া, আসলাম হোসেন, হারুন অর রশিদ, শরিফ উদ্দীন ও সংরক্ষিত মহিলা আসনে কুলসুম আরা ব্যাপক ভোটের ব্যবধানে পরাজিত হয়েছেন।

আলমডাঙ্গায় উপজেলা ও পৌরসভা যৌথ পরিস্কার পরিছন্নতা অভিযান

আলমডাঙ্গা উপজেলা হলরুমে মাননীয় প্রধান মন্ত্রীর ভিডিও কনফারেন্সের মাধ্যমে পরিছন্ন গ্রাম, পরিছন্ন শহর দেশ ব্যাপি পরিছন্নতা কার্যক্রমের শুভ উদ্বোধন। সেই উপলক্ষে উপজেলা ও পৌর সভা যৌথ পরিস্কার পরিছন্নতা অভিযান চালিয়েছেন।
আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার লিটন আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আইয়ুব হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পৌর মেয়র হাসান কাদীর গনু, সমাজ সেবা কর্মকর্তা আফাজ উদ্দিন, কৃষি অফিসার মোহাম্মদ আলী

জিন্নাহ, মহিলা বিষয়ক কর্মকর্তা মাকসুরা জান্নাত, বিআরডিবি কর্মকর্তা শায়লা সারমিন, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, মৎস কর্মকর্তা আব্দুল মালেক, প্রাণীসম্পদ কর্মকর্তা ডা. আব্দুল্লাহিল কাফি প্রমুখ।

পরে উপজেলা নির্বাহী অফিসার ও পৌর মেয়র হাসান কাদির গনুর নেতৃত্বে দুটি অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারি ওই পরিচ্ছন্নতা অভিযানে অংশ নেন। এ সময় শহরের বিভিন্ন স্থানে আবর্জনা ফেলার ড্রাম স্থাপন করা হয়।

পরিছন্নতা অভিযানে অংশ গ্রহন করেন পৌর মেয়র ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি হাসান কাদির গনু, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী, পরিবার পরিকল্পনা কর্মকর্তা হাসানুজ্জামান খান, প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. আব্দুল্লাহিল কাফি, কৃষি অফিসার মোহাম্মদ আলী জিন্না, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, কাউন্সিলর সদর উদ্দিন ভোলা, আলী আজগর সাচ্চু, আলাল আহমেদ, আব্দুল গাফফার, জহুরুল ইসলাম স্বপন, মতিয়ার রহমান ফারুক, মামুন রশিদ হাসানসহ সকল কাউন্সিলর, এসআই আশিকুল ইসলাম।

অনান্যদের মধ্যে অংশ গ্রহন করেন, মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল বারি, শিক্ষা অফিসার শামসুজ্জোহা, পৌর সভার প্রকৌশলী তসলিম উদ্দিন, সচিব রাকিবুল ইসলাম, মহিলা বিষয়ক কর্মকর্তা মাকসুরা জান্নাত, যুব উন্নয়ন কর্মকর্তা
আনিসুজ্জামান, বিআরডিবি কর্মকর্তা সায়লা সারমিন, সমাজ সেবা অফিসার আফাজ উদ্দিন, ডা. অমল কুমার বিশ্বাস,

আবাসিক প্রকৌশলী গোলাম নবী, সমবায় অফিসার নাজির হোসেন, উপজেলা প্রকৌশলী আব্দুর রশাদ, তথ্য কর্মকর্তা স্নিগ্ধা দাস, আওয়ামী লীগ নেতা সিরাজুল ইসলাম, জাহাঙ্গীর আলমসহ উপজেলা প্রশাসনের পৌর সভার সকল কর্মকর্তাও কর্মচারী এবং উপজেলার সকল ইউনিয়নের গ্রাম পুলিশ।